| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৮ | রিমোট সেন্সিং ও জিআইএস প্রযুক্তির মাধ্যমে ফসলের মাঠের তথ্য, রোগ ও পোকা সনাক্ত এবং দমন ব্যবস্থা করা | রিমোট সেন্সিং ও জিআইএস প্রযুক্তির মাধ্যমে স্যাটালাইট ইমেজ বিশ্লেষনের মাধ্যমে সমগ্র জেলাতে কোন ফসল কতটুকু চাষ হয়েছে, ফসলের বর্তমান স্তর, মাঠে রোগ ও পোকার উপস্থিতি নির্ধারণ করা যাবে এবং তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহণ করা যাবে। | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ও ৭ টি ইউনিয়ন | মধ্য মেয়াদী | |
| ৯ | নিরাপদ সবজি উৎপাদন বৃদ্ধিকরন | শীতকালীন বা গ্রীষ্মকালীন নয় প্রায় সারা বছর সব ধরনের সবজি পাওয়া যায়। দেশের মানুষের ক্রয় ক্ষমতা বৃদ্ধি পাওয়ার কারনে নিরাপদ খাদ্য প্রাপ্তির চাহিদাও বৃদ্ধি পেয়েছে। স্বাস্থ্যসম্মত নিরাপদ ফল ও সবজি উৎপাদনের উপর গুরুত্ব দিয়ে কৃষি খাতে বায়োটেকনোলজি, পাচিং, ফেরোমন ফাঁদ, আইপিএম, আইসিএম, উত্তম কৃষি চর্চা ইত্যাদি ব্যবহার করে যথাসম্মত নিরাপদ পণ্য সহজলভ্য করার প্রচেষ্টা হচ্ছে। নিরাপদ ফসল উৎপাদনের মাধ্যমে পরিবেশবান্ধব উপায়ে ফসল আবাদ করা যায়। কীটনাশক ব্যবহার কম হওয়ার কারনে ফসলের উৎপাদন খরচ কমে যায় ও মানুষের স্বাস্থ্য ঝুঁকি কম থাকে। এ লক্ষ্যে বক্তাবলী ইউনিয়নে নিরাপদ সবজি উৎপাদন কার্যক্রম শুরু হয়েছে। ভোক্তাদের নিরাপদ খাদ্য চাহিদা বেড়ে যাওয়ায় নারায়ণগঞ্জ সিটিকর্পোরেশনে ২টি স্থানে নিরাপদ খাদ্য বাজার বা কৃষকের বাজার সৃষ্টি হয়েছে। যেখানে কৃষক তার উৎপাদিত পণ্য নিজে বিক্রি করছে। এত মধ্যস্বত্তোভুগী না থাকায় কৃষক পণ্য বিক্রি করে লাভবান হচ্ছে অন্যদিকে ভোক্তা ন্যায্য মূল্যে পণ্য কিনতে পারছে। | বক্তাবলী ইউনিয়ন। | স্বল্প মেয়াদী | |
| ১০ | কৃষি জমিকে অকৃষি কাজে ব্যবহার হ্রাস করা ও জমির টপ সয়েল নষ্ট না করা | তিন ফসলী কৃষি জমিতে নতুন কোন স্থাপনা নির্মাণে স্থানীয় প্রশাসনের নিকট হতে অনুমতি গ্রহণের ব্যবস্থা করা।জমির টপ সয়েল যাতে নষ্ট না হয় সে বিষয়ে চাষীদেরকে পরামর্শ প্রদান। | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ও ৭ টি ইউনিয়ন | স্বল্প মেয়াদী | |
| ১১ | ইউনিয়ন কৃষি তথ্য কেন্দ্র সমূহকে শক্তিশালী করা ও প্লান্ট ক্লিনিক স্থাপন | সকল ইউনিয়ন পরিষদে কৃষি তথ্য কেন্দ্র স্থাপনের উদ্যোগগ্রহণ। সে লক্ষ্যে স্থানীয় প্রশসনের দৃষ্টি আকর্ষনকরন। ফসলে রোগ ও পোকা আক্রান্ত নমুনা দেখে সঙ্গে সঙ্গে ব্যবস্থাপত্র প্রদান নিশ্চিতকরন। | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ও ৭ টি ইউনিয়ন | স্বল্প মেয়াদী | |
| ১২ | বৃষ্টির পানি ব্যবহার করে কৃষি কাজ | ভূগর্ভস্থ পানির স্তর নিচে নেমে যাবার কারনে কৃষি কাজে সেচের পানির অভাব হবার সম্ভাবনার জন্য বৃষ্টির পানি ত্রিপল, ড্রাম ও মাটিতে পাকা গর্ত করে পানি সংরক্ষণ করতে হবে। যাতে সে পানি সেচ কাজে ব্যবহার করা যায়। | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ও ৭ টি ইউনিয়নে বাড়ীর ছাদও প্রতিষ্ঠানের ছাদ এবং মাটিতে। | স্বল্প মেয়াদী | |

এই আইডিয়াগুলো নারায়ণগঞ্জ সদরের কৃষিকে স্মার্ট করতে অগ্রনী ভূমিকা পালন করবে। প্রাথমিক পর্যায়ে একবার সেট করতে পারলে আজীবন লাভবান হওয়া সম্ভব।